



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৮৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে জাবির ১ কোটি টাকা প্রদান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১০ মে ২০২০।

বিশ্বব্যাপী করোনার মহামারিতে পর্যুদস্ত বাংলাদেশে গরীব ও অসহায় মানুষের সহায়তার উদ্দেশ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আজ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে ১ কোটি টাকা অনুদান প্রদান করা হচ্ছে। বেলা সাড়ে বারোটায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে রেজিস্ট্রার (ভারপ্রাণ) রহিমা কানিজ, শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান, কার্যনির্বাহী পরিষদ সদস্য অধ্যাপক আহমেদ রেজা অনুদানের ১ কোটি টাকার চেক হস্তান্তর করেন। মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখ্যসচিব ড. আহমদ কায়কাউস অনুদানের চেক গ্রহণ করেন। এসময় তাঁরা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভিডিও কলে কথা বলেন। মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপকালে তাঁরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অস্বচ্ছল পরিবারের শিক্ষার্থীদের কল্যাণে আর্থিক সহায়তা করতে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া, শিক্ষক ও অফিসারদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ে ভাসমান ক্ষুদ্র দোকানদার, রিক্সা চালক ও নিম্ন আয়ের মানুষদের আর্থিক সহায়তা প্রদানের বিষয় অবহিত করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন মহাপরিকল্পনা অনুমোদন দেয়ার জন্য তাঁরা মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। মাননীয় প্রধানমন্ত্রী অনুদানের চেক প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ফান্ড থেকে ৭৩ লাখ ৪৫ হাজার ২৮৭ টাকা, শিক্ষক সমিতির পক্ষ থেকে ২ দিনের বেতন বাবদ ২১ লাখ ৯৪ হাজার ৭১৩ টাকা এবং অফিসারদের ১ দিনের বেতন বাবদ ৪ লাখ ৬০ হাজার টাকার সমন্বয়ে এই অনুদান দেয়া হয়।

S.M.A

মো. আবদুস সালাম মিএঁ
পরিচালক (ভারপ্রাণ)

